সমকাল

তারিখ 31 AUG 2015
পৃষ্ঠা ... কলাম ...



শিক্ষকের ওপর হামলা

# ত্রিশালে কবি নজরুল বিশ্ববিদ্যালয়ে শিক্ষক ধর্মঘট

■ ত্রিশাল (ময়মনসিংহ) প্রতিনিধি
জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় অনুষদের ডিন অধ্যাপক ড. সুব্রত কুমার দের ওপর সন্ত্রাসী হামলার ঘটনায় বিচারের দাবিতে রোববার সকালে শিক্ষক সমিতি ও কর্মচারীরা অবস্থান কর্মসূচি পালন করেন। এ ছাড়া সাধারণ শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেন।

প্রশিক্ষণ ভবনের সামনে অবস্থান কর্মসূচিতে বক্তব্য রাখেন শিক্ষক সমিতির সভাপতি মোল্লা আমিনুল ইসলাম, সাধারণ সম্পাদক তপন কুমার সরকার, সহসভাপতি আতিকুল ইসলাম প্রমুখ। শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক তপন কুমার সরকার জানান, অভিযুক্ত ঠিকাদার তারেকের সব জামানত, বিশ্ববিদ্যালয়ের কাছে প্রাপ্ত অর্থ বাজেয়াপ্ত ঘোষণা, তাকে ও তার প্রতিষ্ঠানকে কালো তালিকাভুক্ত ও তাকে গ্রেফতার না করা পর্যন্ত সোমবার থেকে সব ক্লাস পরীক্ষা অনির্দিষ্টকালের জন্য বর্জন করা হবে। পরে ভিসি প্রফেসর ড. মোহিত উল আলমের কাছে স্মারকলিপি জমা দেন সাধারণ শিক্ষার্থীরা।